# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৭৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২১. ব্যবহারের পর অবশিষ্ট পানি সম্পর্কে

## بَابُ الْآسَارِ

আরবী

ثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَحْمَدُ بْنُ مَنْصُورٍ ، نَا أَبُو النَّضْرِ ، نَا عِيسَى بْنُ الْمُسَيَّبِ حَدَّثَنِي أَبُو زُرْعَةَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَأْتِي دَارَ قَوْمٍ مِنَ الْأَنْصَارِ ، وَدُونَهُمْ دَارٌ ، فَشَقَّ ذَلِكَ عَلَيْهِمْ ، فَقَالُوا : يَا رَسُولَ اللَّهِ ، تَأْتِي دَارَ فُلَانٍ ، وَلَا تَأْتِي دَارَنَا ، فَقَالَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " لِأَنَّ فِي دَارِكُمْ كَلْبًا " . قَالُوا : فَإِنَّ فِي دَارِهِمْ سِنَّوْرًا ، فَقَالَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " السِّنَّوْرُ سَبُعٌ " . تَفَرَّدَ بِهِ عِيسَى بْنُ الْمُسَيَّبِ ، عَنْ أَبِي زُرْعَةَ ، وَهُوَ صَالِحُ الْحَدِيثِ

বাংলা

১৭৫(৫)। আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতক আনসার সাহাবীর বাড়িতে যাতায়াত করতেন এবং তাদের ব্যতীত আরো কিছু বাড়ি-ঘর ছিল। তাদের কাছে বিষয়টি কষ্টকর ও দুঃখজনক অনুভূত হলো। তারা বলল, ইয়া রাসূলাল্লাহ! আপনি অমুকের বাড়ি যান, অথচ আমাদের বাড়িতে আসেন না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের বাড়িতে কুকুর থাকার কারণে আমি যাই না। তারা বলল, কিন্তু তাদের বাড়ীতে তো বিড়াল আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ বিড়ালও হিংস্র।

এ হাদীস আবু ঘুরআ (রহঃ) থেকে ঈসা ইবনুল মুসায়্যাব (রহঃ) একা বর্ণনা করেছেন। তিনি উত্তম রাবী।

ফুটনোট

ঈসা ইবনুল মুসায়াব শক্তিশালী নন, তবে সত্যবাদী। যাহাবী তার পশ্চাদ্ধাবন করে বলেছেন, আবু দাউদ ও আবু হাতেম তাকে যইফ বলেছেন। আবু যুরআ বলেন, আবু নুআইম হাদীসটি মারফরূপে বর্ণনা করেননি। এই কথাই সহীহ।-অনুবাদক।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79964

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন